

সফল সমবায় সমিতির তথ্য
‘ বাগাডাঙ্গা মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ’
মহেশপুর, ঝিনাইদহ

ভূমিকাঃ ঝিনাইদহ জেলার মহেশপুর উপজেলার প্রত্যন্ত গ্রামে গড়ে ওঠা ‘ বাগাডাঙ্গা মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ’ একটি সফল সমবায় সমিতি। সমিতির সদস্যদের উদ্যোগ এবং উদ্যোগী সমবায়ীদের সমবায়ের মাধ্যমে উদ্যোক্তা সৃষ্টি ও আয়বর্ধক কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে দারিদ্র বিমোচনে সমবায় বিষয়ক উদ্বুদ্ধকরণ, আর্থিক ও সামাজিক ক্ষমতায়ন, সমবায়ীদের মৎস্যচাষ বিষয়ক প্রশিক্ষণ গ্রহণ ও প্রদানের মাধ্যমে মানব সম্পদ উন্নয়নসহ উদ্যোক্তা সৃষ্টিতে নিরলস প্রচেষ্টার জন্য এ সমিতিকে উপজেলার সফল সমবায় সমিতি হিসেবে পরিচিতি এনে দিয়েছে।

সমিতির নিবন্ধন ও বর্তমান অবস্থা : সমিতিটি জেলা সমবায় কার্যালয়, ঝিনাইদহ হতে নিবন্ধন লাভ করে। যার নিবন্ধন নং ৮৬/ঝি, তারিখ : ১৯/০৮/১৯৯৫খ্রি. (সংশোধিত নিবন্ধন নং ২১/ঝি, তারিখ: ২০/০৬/২০২৩খ্রি.) ঠিকানা : গ্রাম : বাগাডাঙ্গা, ডাকঘর : নেপা, উপজেলা : মহেশপুর, জেলা : ঝিনাইদহ। সমিতির সভ্য নির্বাচনী এলাকা বাগাডাঙ্গা গ্রাম এবং কর্ম এলাকা নেপা ইউনিয়নের মধ্যে সীমাবদ্ধ। সমিতির পরিশোধিত শেয়ার মূলধন ৩৫,১৮০/-, সঞ্চয় আমানত : ৩,৬১,৭০৬/- এবং সমিতির বর্তমান কার্যকরী মূলধন : ৬,১৯,৭৮৪/-। সমিতিটি একটি সফল সমবায় সমিতি হিসেবে প্রতিষ্ঠা লাভ করেছে।

সমিতি গঠনের লক্ষ্য ও উদ্দেশ্যঃ

নিবন্ধিত উপ-বিধিতে বর্ণিত প্রধান প্রধান লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ হচ্ছেঃ

- এলাকার জনগোষ্ঠিকে সমবায় সমিতিতে সদস্যভুক্ত করে সমবায়ের মাধ্যমে মিতব্যয়িতা ও সঞ্চয়ের অভ্যাস গড়ে তোলা এবং সমিতিতে নিয়মিত সঞ্চয় জমা রাখা ও সমিতির শেয়ার ক্রয়ের দ্বারা যৌথ মূলধন গঠনে উৎসাহিত করা।
- গঠিত এ মূলধন অন্যান্য কৃষিকাজের পাশাপাশি মৎস্যচাষে বিনিয়োগকরণ এবং বিনিয়োগ থেকে প্রাপ্ত মুনাফার মাধ্যমে সমিতির পুঁজি বৃদ্ধিসহ সদস্যদের আর্থ-সামাজিক উন্নয়ন নিশ্চিতকরণ।
- দারিদ্র বিমোচন স্ব-কর্মসংস্থানমূলক উদ্যোগসমূহ বাস্তবায়নে সমিতির নিজস্ব মূলধন হতে সহজ শর্তে সদস্যকে ঋণ সহায়তা প্রদান করা।
- সদস্যদের প্রশিক্ষণের ব্যবস্থা করা।
- সমবায়ের ভিত্তিতে মৎস্য উৎপাদন ও বিপনের ব্যবস্থা করা।

সমিতির উল্লেখযোগ্য কার্যক্রম :

শুরুর দিকে এ সমিতি সামান্যতম পুঁজি দিয়ে সীমিত পরিসরে এলাকার ছোটখাটো পুকুর লিজ নিয়ে মাছ চাষ, ক্রয় ও বিক্রয়ের মাধ্যমে উৎপাদনমুখী কার্যক্রম শুরু করে। পরবর্তীতে সরকারী জলমহাল ইজারা নিয়ে মৎস্যচাষ করে সমিতি মুনাফা অর্জন করে কাঙ্ক্ষিত লক্ষ্যে এগিয়ে যাচ্ছে। এছাড়া বিভিন্ন সামাজিক কর্মকান্ডে তাদের অংশগ্রহণ লক্ষ্যনীয়।

এ সমিতিতে বিভিন্ন উল্লেখযোগ্য কার্যক্রম/কর্মসূচি রয়েছে। যথাঃ

- ক) সঞ্চয় জমা কর্মসূচি।
- খ) মৎস্য উৎপাদন ও বিক্রয় কর্মসূচি।
- গ) বিভিন্ন প্রকার মৎস্যচাষ সংক্রান্ত প্রশিক্ষণ কর্মসূচি।

সমিতির প্রাতিষ্ঠানীকরণে গৃহীত পদক্ষেপঃ

সমিতির প্রাতিষ্ঠানীকরণের লক্ষ্যে যথাযথভাবে সমিতির রেকর্ডপত্র সংরক্ষণ। প্রতিনিয়ত অডিট ফি ও সিডিএফ পরিশোধ করা। সমিতিতে সাইনবোর্ড স্থাপন এবং সীলমোহর সংরক্ষিত আছে। সমিতির নামীয় ব্যাংক একাউন্ট আছে। সমিতির ধারাবাহিকতা ও টেকসই নিশ্চিতকরণে সমবায় সমিতি আইন ২০০১ (সংশোধন ২০০২ ও ২০১৩) এবং সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধন ২০২০) এর সংশ্লিষ্ট ধারা ও বিধি প্রতিপালনের ফলে সমিতির কর্মকান্ডে স্বচ্ছতা সহ কর্মচঞ্চলতা এসেছে।

সমিতির ভবিষ্যৎ পরিকল্পনাঃ

সমিতির সাফল্যের জন্য এ সমিতির উৎপাদনমুখী কর্মকান্ড ও সদস্যদের কর্মসৃজন বিশেষ ভূমিকা রেখেছে।

সমিতির ভবিষ্যৎ পরিকল্পনা হচ্ছেঃ

- ক) সমিতির কার্যক্রম সমগ্র উপজেলায় বিস্তৃতকরণ।
- খ) সমবায় ভিত্তিতে মৎস্য উৎপাদন ও বিপনের ব্যবস্থা করা অব্যাহত রাখা।
- গ) সমিতির প্রতি সদস্যকে উদ্যোক্তা হিসেবে সৃজন করা।

সর্বোপরি সদস্যদের পাশাপাশি এলাকার যুবকদের স্ব-কর্মসংস্থানে অর্ন্তভুক্তকরণ এবং জাতীয় অর্থনীতিতে অবদানসহ ক্ষুধামুক্ত, দারিদ্রমুক্ত, শান্তিপূর্ণ ও সমৃদ্ধ বাংলাদেশ গঠনে অবদান রাখা।

পরিশেষঃ সমিতিটি তাঁর সদস্যদের আর্থ-সামাজিক উন্নয়ন ও স্ব-কর্মসংস্থান সৃষ্টিতে ভূমিকা পালন করে আসছে। যথাযথ সরকারী পৃষ্ঠপোষকতা পেলে সমিতির উৎপাদনমুখী কর্মকান্ড আরও গতিশীল ও বেগবান হবে। এর ফলে আলোচ্য সমিতি একদিন সাফল্যের সর্বোচ্চ শিখরে পৌঁছাবে।



Figure 1 উপজেলা সমবায় অফিসার, মহেশপুর, বিনাইদহ এর সাথে সমিতির সদস্যগন